প্রকট ব্রজলীলা

উল্লেখ্য। ব্রঙ্গ-লীলা-প্রকটনের মুখ্য উদ্দেশ্য—ভক্তের প্রেমর্গ-নির্য্যাস আস্থাদন এবং তদ্ধারা জগতে রাগমার্গের ভক্তি-প্রচার।

কিন্তু যে রকম ভক্তের প্রেমরস-আস্বাদনে শ্রীক্কঞ্চের গ্রীতি জন্মে, জগতে সেইরকম ভক্ত কেই ছিলেন না, কোনও সময়ে থাকিতেও পারেন না। কারণ, ব্রহ্মাওস্থ জীবের মধ্যে শ্রীক্কফের ঐশ্বর্যাক্তান প্রবল; ঐশ্বর্যা-ক্তানেতে প্রেম শিপিল হইয়া যায়; এইরূপ প্রেমে শ্রীকৃষ্ণ গ্রীত হয়েন না। তাই, শ্রীকৃষ্ণ স্বীয় নিত্য-পরিকরদিগকে সঙ্গে করিয়া জগতে অবতীর্ণ হইলেন এবং তাঁহাদেরই প্রেমরস-নির্যাস আস্বাদন করিলেন।

অপ্রকট-সূক্র ভ রসাস্বাদন। প্রশ্ন হইতে পাবে, যদি স্বীয় নিত্যপরিকরদের প্রেমরসই আস্বাদন করিতে হইল, তবে আর লীলা-প্রকটনের প্রয়োজনই বা কি ছিল ? অপ্রকট-লীলাতেই তো তাঁহাদের প্রেমরস তিনি আস্বাদন করিতেছিলেন এবং অনস্তকাল পর্যন্তই করিবেন। এই প্রশ্নের উত্তরে ইছাই বলা যায় যে, স্বীয়-নিত্যপরিকরদের সঙ্গেই প্রীকৃষ্ণ প্রকট-লীলায় যে সকল রস-বৈচিত্রী আস্বাদন করিয়াছেন, অপ্রকট-লীলায় সে সকল রস-বৈচিত্রীর সন্তাবনা ছিলনা ও থাকিতে পাবে না। অপ্রকট-লীলায় প্রীকৃষ্ণ অনাদিকাল হইতেই নিতাকিশোর। কিশোর-পুত্রের সংপ্রবে যতটুকু বাৎসল্য প্রকটিত হইতে পাবে, অপ্রকট-লীলায় প্রীকৃষ্ণ ও নন্দ-যশোদা ততটুকুমাত্র বাৎসল্যই আস্বাদন করিতে পাবেন। পুত্রের বাল্য ও পৌগওকালে যেরূপ বাৎসল্যের প্রয়োজন হয়, গোকুলে সেরূপ বাৎসল্য-স্কুরণের অবকাশ নাই। প্রকট-লীলায় জন্মলীলা প্রকটিত করিয়াই প্রীকৃষ্ণ সন্তোজাত শিশুরূপে অবতীর্ণ হয়েন এবং ক্রমশং কিশোরে উপনীত হয়েন; স্কৃতরাং বাৎসল্যের যত রকম বৈচিত্রী থাকা সন্তব, প্রকটে তৎসমস্তই আস্বাদিত হইতে পাবে। জন্ম-লীলা-প্রকটনবশতঃ দাস্ত-স্থ্য-রগেরও অপূর্ব্ব বৈচিত্রী প্রকট-লীলায় ফুরিত হইয়া থাকে—যাহা অপ্রকটে অসন্তব।

শ্বনীয়া ও পরকীয়া। প্রকট-লীলায় সকল রস অপেক্ষা কাস্তারসেই অপূর্ব বৈচিত্রী ফুরিত হইয়াছে। কান্তা হ্ই রকমের—শ্বকীয়া ও পরকীয়া। পরপ্রে বিবাহবন্ধনে আবদ্ধ পতি-পত্নীর মধ্যে যে ভাব, তাহার নাম স্বকীয়া-কান্তাভাব। আর যাহারা বৈধ-বিবাহ-বন্ধনে আবদ্ধ নহে, এরপ যুবক-যুবতীর মধ্যে পরস্পরের প্রতি অহুরাগবশতঃ যে ভাব লক্ষিত হয়, তাহাকে পরকীয়া-কান্তাভাব বলে। গোকুলে বা অপ্রকট-ব্রজলীলায় অনাদিকাল হইতেই শ্রীক্ষ্ণ ও শ্রীরাধিকাদির স্বকীয়া-ভাব। অনাদি-লীলায় বিবাহের অবকাশ নাই; কিন্তু অনাদিকাল হইতেই শ্রীক্ষণেও ব্রজনীয়াভিতাদির পতি এবং শ্রীরাধিকাদিরও অভিমান—ভাঁহারা শ্রীক্ষণের বৈধ-পত্নী; অন্তান্ত গোকুলবাসীরাও তাহাই মনে করেন। ('অপ্রকট ব্রজে কান্তাভাবের স্বরূপ' প্রবন্ধ দ্বন্থব্য)।

প্রকটের সম্বন্ধ অমুষ্ঠানমূলক। লোক-স্যাজে—বিহিত অষ্ঠানাদির ধারা সম্বন্ধ স্থাপিত হয়; তারপর শ্বনাহ্র চলিতে থাকে। প্রকট-লীলাও নরলীলা বলিয়া লোক-স্মাজের রীতির অষ্ট্রন্প অষ্ঠানের অভিনয় ধারা লীলা-পরিকরদের সহিত শ্রীভগবানের নিত্যসিদ্ধ সম্বন্ধ প্রকটিত করা হয়। পার্থক্য এই—যে সম্বন্ধ পুর্কে ছিলনা, অষ্ঠানাদিধারা লোকস্মাজে সে সম্বন্ধ "স্থাপিত" হয়; আর অষ্ঠানের অষ্ট্রকরণ বা অভিনয় ধারা প্রকটলীলায় নিত্যসিদ্ধ-সম্বন্ধ প্রকটিত হয় মাত্র—স্থাপিত হয় না; স্থাপিত হইতেও পারে না; কারণ পরিকরদের শহিত শ্রীক্ষাকের সম্বন্ধ নিত্য, অনাদি; প্রকটেও তাহা আছেই, তবে প্রথমে প্রচ্ছা ছিল মাত্র।

অপ্রকটের সম্বন্ধ অভিমানমূলক। অপ্রকটলীলায় অমুষ্ঠানের অবকাশ নাই; কারণ, অপ্রকটে সমস্ত সম্বন্ধই নিত্য, অনাদি; অমুষ্ঠানপূর্বক-সম্বন্ধ অনাদি হইতে পারে না। অপ্রকটে অমুষ্ঠানাদি ব্যতীতই—কেবল অনাদি-গিন্ধ অভিমানধারাই সম্বন্ধ নির্ণীত হয় এবং তদমূরূপ আচরণ চলিতে থাকে। পুজের জন্ম ব্যতীত মাতার জননীত্ব দা পিতার জনকত্ব সিদ্ধ হয় না—ইহা লোকসমাজের রীতি। শ্রীকৃষ্ণ অজ—তাঁহার জন্ম নাই; তথাপি যশোদামাতার অভিমান—তিনি শ্রীকৃষ্ণের জননী; আর নন্দ-মহারাজের অভিমান—তিনি শ্রীকৃষ্ণের জনক। এই অভিমান দারাই শ্রীকৃষ্ণের সৃহিত তাঁহাদের সম্বন্ধ এবং সম্বন্ধাস্থগত বাৎসল্যরস সিদ্ধ হইয়াছে।

অপ্রকটে পূর্ব্রোগ নাই। যাহা হউক, অপ্রকট-ব্রজলীলায় অনাদিকাল হইতেই শ্রীক্লঞ্চের সহিত ব্রজ-স্থানরীদিগের স্বকীয়া-ভাবে মিলন আছে; স্থতরাং মিলনের পূর্বের পূর্বরোগাদিও অপ্রকট-লীলায় থাকিতে পারে না।

পরকীয়া-ভাবের বৈশিষ্ট্য। মিলনের নিমিত্ত উৎকণ্ঠাই মিলনানন্দের পুষ্টি-সাধক। উৎকণ্ঠা-বৃদ্ধির সঙ্গে সঙ্গে মিলনের আনন্দ-চমৎকারিতাও বৃদ্ধিপ্রাপ্ত হয়। *স্বকীয়া কান্তার সহিত বা স্বকীয় পতির সহিত মিলনে গুরুতর বাধাবিদ্ন কিছু না থাকায় ঐরপ মিলনের নিমিত্ত উৎকণ্ঠাবৃদ্ধিরও অবকাশ বেশী থাকে না; স্থতরাং স্বকীয়া-ভাবের নায়ক-নায়িকার মিলনে আনন্দ-চমৎকারিতাও বদ্ধিত হওয়ার অবকাশ পায় না। কিন্তু পরকীয়া-নায়ক-নায়িকার মিলনে বেদধর্ম, লোকধর্ম, স্বজন, আর্য্যপথাদি সমস্তই বাধাবিদ্ন উপস্থিত করে; তাহাতে মিলনোৎকণ্ঠাও অত্যধিকরূপে বন্ধিত হওয়ার অবকাশ পায়; স্কুতরাং এইরূপ উৎকণ্ঠাধিক্যের পরে নায়ক-নায়িকার মিলনেও আনন্দ-চমৎকারিতা অত্যধিকরূপে বন্ধিত হয়। গোকুলের স্বকীয়া-ভাবে এইরূপ আনন্দ-চমৎকারিতার স্থান নাই। এই পরকীয়া-ভাবের রসবৈচিত্রী কেবল প্রকট-লীলাতেই আস্বাদিত হইতে পারে। প্রকট-লীলায় শ্রীকৃষ্ণ নিজের জন্মলীলা প্রকটিত করিলেন এবং শ্রীরাধিকাদি পরিকরবর্ণেরও জন্মলীলা প্রকটিত করাইলেন। তথন শ্রীক্লফেরই ইচ্ছাশক্তির প্রভাবে তাঁহার লীলা-সহায়-কারিণী শক্তি—অঘটন-ঘটন-পটীয়সী যোগনায়া শ্রীক্লফের ও শ্রীরাধিকাদির পরস্পারের নিত্য-সম্বন্ধের জ্ঞান আচ্ছাদিত করিয়া রাখিলেন,—শ্রীকৃষ্ণ যে তাঁহাদের নিত্য স্ব-পতি এবং শ্রীরাধিকাদি যে এক্তিয়ের নিত্য-স্বকাস্তা, তাহা সকলেই ভুলিয়া গেলেন। জন্মলীলাকে উপলক্ষ্য করিয়াই এই মুগ্ধতা প্রকটিত হুইল, অপ্রকট-লীলায় ইহা সম্ভব হুইত না। কিন্তু নিজেদের স্বরূপের জ্ঞান এবং সম্বন্ধের জ্ঞান প্রচহ্ন হুইয়া পাকিলেও শ্রীক্নষ্ণের প্রতি সমর্থারতিমতী ব্রজস্কুন্দরীদিগের প্রেম কিন্তু প্রচ্ছন্ন হয় নাই। তাঁহাদের চিত্তে এই প্রেম স্বাদ্ধি জাগ্রত ছিল; তবে এই প্রেমের বিষয় কে, প্রথমে তাহা তাঁহারা জানিতেন না। প্রেমজনিত মিলন-স্পৃহা, মিলনাভাবে চিত্তের হা-ত্তাশ, প্রেমের তুষানল-প্রায় ধক্-ধকি জালা সর্বাদাই ছিল। কিন্তু কাহার জন্ম তাঁহাদের প্রাণের এই আকুলি-বিকুলি, তাহা তাঁহারা জানিতেন না। ইহারই নাম ললনা-নিষ্ঠ প্রেম। এই প্রেমের একটা বিশেষত্ব ছিল এই যে, ক্লফকে দেখার পূর্বেও ক্লফসম্বন্ধি কোনও বস্তুর দর্শন-শ্রবণাদিতে কাঁহাদের প্রেমনদীতে যেন উত্তাল-তরঙ্গ উথিত হইত। তাই শ্রীরাধা বলিয়াছিলেন—"ধিক্ আমাকে; একজনের বংশীন্ত্রনি শুনিয়া আমি পাগলিনীর স্থায় হইলাম। আর এক জনের (শ্রাম) নাম শুনিয়া সেই নামীর নিকটে যেন উড়িয়া যাওয়ার জন্ম ব্যাকুল হইলাম। অপর আর একজনের চিত্রপট দেখিয়া তাঁহার চরণে আত্মসমর্পণের জন্ম উৎকৃষ্টিত হইলাম। কুলবতী আমি; তিন পুরুষ আমার মন তিন দিকে আকর্ষণ করিতেছে। আমার মৃত্যুই শ্রেয়।" বংশীধ্বনি, নাম এবং চিত্রপট যে একজনেরই, শ্রীরাধা তথনও তাহা জানেন না; কারণ, তথনও তিনি শ্রীকৃষ্ণের দর্শন পান নাই। তথাপি যে তাঁহার সম্বনীয় তিনটী বস্তুই তাঁহার চিত্তকে প্রেমপ্রবাহে উদ্বেলিত করিয়াছে, তাঁহার প্রেমেরই ইহা বিশেষ ধর্ম। এই প্রেম অপ্রচ্ছন ভাবেই ব্রজস্থ-দরীদিগের চিত্তে বিরাজিত; শ্রীক্বফের চিত্তেও অহুকপ ভাব নিত্য বিরাজিত। পরস্পরের রূপগুণাদির শ্রবণে তাহা উচ্ছুলিত হইয়া পড়ে; পরস্পরের সহিত মিলনের নিমিত্ত তাঁহারা উৎকণ্ঠিত হইয়া পড়েন। নিরতিশয়রূপে এই উৎকণ্ঠার বুদ্ধির নিমিত্ত যোগমায়। তাঁহাদের মিলনে একটা গুরুতর বিদ্ন উপস্থিত করিলেন—গোপকুমারীদের বিবাহের নিমিন্ত তাঁহাদের পিত্রাদির মনে ইচ্ছা জন্মাইলেন; শ্রীক্তঞ্চের সহিত তাঁহাদের বিবাহ দেওয়ার বলবতী ইচ্ছা তাঁহাদের পিত্রাদির মনে থাকিলেও যোগমায়া সেই বিবাহের অসম্ভাব্যতা প্রকটিত কবিলেন এবং অন্ত গোপের সহিত তাঁহাদের বিবাহ স্থিরীক্বত করাইলেন; সর্বশেষে কোনও এক অঙ্কৃত স্বপ্নের ব্যপদেশে, প্রকৃত প্রস্তাবে কোনও বিবাহাযুষ্ঠান ব্যতীতই, সকলের মনে প্রস্তাবিত বিবাহ-সিদ্ধির প্রতীতি জন্মাইলেন। এইরূপে যোগমায়া গোপস্থন্দরীদিগের পরকীয়া-ভাব প্রকটনের স্থযোগ করিয়া দিলেন। বিবাহ-প্রতীতির পরে

গোপস্থলরীগণকৈ অনিচ্ছাদত্ত্বেও যোগনায়ার প্রেরোচনায় পতিস্ফাদিগের গৃহে আসিতে হইল। তাঁহাদের পৃহ ছিল শ্রীক্ষেরেই বাসস্থানের নিকটে; স্তরাং এক্ষণে তাঁহাদের পক্ষে শ্রীক্ষেরে দর্শনাদির অধিকতর স্থ্যোগ হইল; তাহার ফলে কেবল নিলনাংকণ্ঠাই বর্দ্ধিত হইল; কিন্তু নিলনের পক্ষে প্রকলিব বিন্ন হইল—তাঁহাদের পরপত্নীত্ত্বর প্রবাদ। এইরূপে পৃর্বরাগ প্রকটিত হইল। অধিকতর্বরূপে পরস্পরের দর্শনাদির ফলে তাঁহাদের উৎকণ্ঠা ও অন্ধরাগের স্রোত প্রবলতা ধারণ করিয়া একদিন লোকধর্ম-বেদধর্ম-স্কল্ম-আর্য্যপথাদির বাধ ভাঙ্গিয়া ফেলিল, তাঁহাদের মিলন হইল। লোকদৃষ্টিতে তাঁহাদের এই মিলন অবৈধ; স্নতরাং প্রকৃতপ্রস্তাদে লোকধর্মাদিকে তাঁহারা পদদলিত করিয়া থাকিলেও বাহিরে তাহা প্রকাশ করিতে পারিলেন না; স্নতরাং সর্ব্বদাই তাঁহাদিগকে গোপনতার আশ্রয় গ্রহণ করিতে হইত। ইহার ফল হইল এই যে—"কন্থু মিলে কন্তুন। মিলে দৈবের ঘটন।" তাহাতে সর্ব্বদাই মিলনোৎকণ্ঠা বর্দনের অবকাশ থাকিত, স্নতরাং মিলনানদের চমৎকারিতা-বর্দ্ধনেরও অবকাশ থাকিত। রিস্কিশ্বের শ্রীকৃষ্ণ এইরূপে প্রকৃতি-লীলায় পরকীয়া-কাস্তারস্ব-বৈচিত্রী আস্বাদন করিলেন।

প্রকটি স্বকীয়াতে প্রকীয়াত। প্রকট-লীলায় প্রকীয়া-ভাবের একটা বিশেষত্ব এই যে, ইহা স্বকীয়াতে প্রকীয়া-ভাব। ব্রজস্করীগণ শীক্ষানেই স্বকীয়া শক্তি, স্তরাং স্বরূপতঃ তাঁহারা তাঁহার স্বকীয়া কাস্তা; এই স্বকীয়া কাস্তাতেই প্রকট-লীলায় প্রকীয়াভাব পোষণ করা হইয়াছে। প্রকৃত প্রস্তাবে ব্রজস্করীগণ শীক্ষানের প্রকীয়া কাস্তানহনে। (অপ্রকটব্রজে কাস্তাভাবের স্বরূপ প্রবন্ধ দ্রষ্টব্য)।

স্বকীয়া বলিয়াই ব্রজের পরকীয়াভাব রস্মুষ্ট হয় নাই। প্রাকৃত পরকীয়াতে রস হয় না—ইহাই অলঙ্কার-শাস্ত্রের-বিধি।

বেজলীলা কামক্রীড়া নহে। ব্রজের মধুর-ভাবাত্মিকা লীলা আপাতঃদৃষ্টিতে কামক্রীড়ার অন্ধর্রপ বলিয়া মনে হইলেও ইহা কামক্রীড়া নহে। প্রচ্ছরই থাকুক আর অপ্রচ্ছরই থাকুক, কামক্রীড়ার মুখ্য উদ্দেশ্য হইতেছে—আত্মেন্দ্রিয়-প্রীতি। ব্রজলীলায় ইহার একাস্ত অভাব; পরম্পরের প্রতি প্রীতি-নিবেদনই ব্রজ-নায়ক-নায়িকার একমাক্র উদ্দেশ্য। আলিঙ্গন-চুম্বনাদি কাম-ক্রীড়া-সাম্য-স্চক কেলি-বিলাসই তাঁহাদের মুখ্য লক্ষ্য নহে; আলিঙ্গন-চুম্বনাদি তাঁহাদের প্রেম-অভিব্যক্তির দ্বার বা প্রকার-বিশেষ। ইহাতে কামগন্ধ নাই। লৌকিক-জগতেও পৌল্রী-দৌহিত্রী আদির আলিঙ্গন-চুম্বনাদির দ্বারা কামগন্ধহীন প্রীতির অভিব্যক্তির রীতি দেখা যায়।

যাহা হউক, শ্রীকৃষ্ণ বাজনীলা প্রকটিত করিয়া এমন সকল অনির্বাচনীয়-লীলা করিলেন, যাহার কথা শুনিয়া মায়িক-স্থথ-মুগ্ধ জীব সংসার-স্থথের অকিঞ্চিৎকরতা উপলব্ধি করিতে পারে এবং উক্ত লীলায় শ্রীকৃষ্ণ সেবাস্থথের নিমিত প্রাপ্ত করিলেন—লোভের বস্তুটী জীবের সাক্ষাতে উপস্থিত করিলেন; কিরপে সেই বস্তুটী পাওয়া যাইতে পারে, "মন্মনা ভব মন্ভক্তঃ" ইত্যাদি বাক্যে শ্রীঅঞ্জ্নকে শক্ষ্য করিয়া তাহা বলিয়াও দিলেন।